দৈনিক সংবাদ

তারিখ ... ২২ DEC 1988 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ২ ...

16

৪

## প্রাইমারী ও জুনিয়র বৃত্তিধারীদের সার্টিফিকেট প্রদান করা হোক

এস,এস, সি পরীক্ষার পূর্বে যে দু'টি বৃত্তির ব্যবস্থা রয়েছে তার একটি হল প্রাইমারী বৃত্তি ও অপরটি হল জুনিয়র বৃত্তি। যারা প্রাইমারী ও জুনিয়র উভয় বৃত্তিই লাভ করে তারা যে প্রকৃতই মেধাবী ছাত্র বা ছাত্রী এটা সকলেই অকপটে স্বীকার করবেন আশা করি। অথচ এ মেধার কোন মূল্য পরবর্তী জীবনে পাওয়া যায় না। এমনকি মেধার স্বীকৃতিস্বরূপ একটা সার্টিফিকেট প্রদানের ব্যবস্থাও কর্তৃপক্ষ করেননি, আমরা যারা প্রাইমারী ও জুনিয়র বৃত্তিলাভ করা সত্ত্বেও ভাগ্যের নির্মম পরিহাসে আশানুরূপ স্থানে ভর্তি হতে পারিনি। তারা হয়ত এই সার্টিফিকেট হাতে পেয়ে কিছুটা স্বস্তির নিঃশ্বাস ফেলতে পারবো।

স্বাধীনতার পর থেকে এ পর্যন্ত প্রাইমারী ও জুনিয়র বৃত্তিধারীদের সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা করার জন্য আমি বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আকুল আবেদন জানাচ্ছি।

মোঃ হায়দার আলী,
অর্থনীতি (সম্মান) ৩য় বর্ষ,
৩১০/সি, এম, হল,
সা'দত বিশ্ববিদ্যালয় কলেজ,
করটিয়া, টাঙ্গাইল-১৯০৩।